ঝিনাইদহে প্রতিবেদন লেখা বিষয়ে ৩ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

ঝিনাইদহ এডাব জেলা শাখার আয়োজনে প্রতিবেদন লেখা বিষয়ে ৩ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন ঘোষণা করা হয়েছে।

গতকাল শনিবার সকাল থেকে (১৬-১৮ মে) পর্রন্ত ঝিনাইদহ এইড ফাউন্ডেশন প্রশিক্ষণ কেন্দ্রে এডাব এর জেলা শাখার আয়োজনে এই প্রশিক্ষণের শুভ উদ্বোধন করা হয়।

প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে এডাব ঝিনাইদহ জেলা শাখার সভাপতি ও প্রভা সোসাইটির নির্বাহী পরিচালক এনামুল কবীর বাবুলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন বীর মুক্তিযোদ্ধা মমতাজ আরা বেগম। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একেএম জসীম উদ্দিন, পরিচালক, এডাব কেন্দ্রীয় কার্যালয়, ঢাকা।

তিন দিনব্যাপী এই প্রশিক্ষণ পরিচালনা করেন এডাব রিসোর্স পুল সদস্য সুবিন দত্ত । প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে স্বাগত বক্তব্য প্রদান করেন এডাব ঝিনাইদহ জেলা শাখার সদস্য সচিব ও ডাস-এর নির্বাহী পরিচালক আবুল কালাম আজাদ।

প্রশিক্ষণের প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, বাংলাদেশের উন্নয়নে সরকারের পাশাপাশি এনজিওসমূহের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে ঝিনাইদহ জেলার আর্থ-সামাজিক উন্নয়নে এনজিও সমূহ উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে। বর্তমান সময়ে তথ্য একটি গুরুত্বপূর্ণ শক্তি, আর প্রশিক্ষণের মাধ্যমে সেই তথ্য ও জ্ঞানের কার্যকর আদান-প্রদান সম্ভব হয়। তাই “প্রতিবেদন লেখা”-এর মতো গুরুত্বপূর্ণ বিষয়ে এ ধরনের প্রশিক্ষণ আয়োজন অত্যন্ত সময়োপযোগী উদ্যোগ।

তিনি আরও বলেন, এনজিও সমূহের মধ্যে সমন্বয়সাধন, সরকারের উন্নয়ন কর্মকান্ডে সহায়তা প্রদান এবং সংগঠনের দক্ষতা বৃদ্ধিতে এডাবের কার্যক্রম প্রশংসনীয়। প্রশিক্ষণলব্ধ জ্ঞান ঝিনাইদহ জেলার উন্নয়ন কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত

করেন। সময়োপযোগী এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের জন্য তিনি এডাব কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন এডাব ঝিনাইদহ জেলা কমিটির সভাপতি ও প্রভা সোসাইটির নির্বাহী পরিচালক এনামুল কবীর বাবুল। এডাব খুলনা বিভাগের সমন্বয়কারী মোঃ রেজাউল করিম প্রশিক্ষণের সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করেন। খুলনা বিভাগের যশোর, খুলনা, কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার এডাবের সদস্য সংস্থাসমূহ থেকে মোট ২৭টি এনজিও’র প্রতিনিধিগণ এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন।

ঝিনাইদহে মানবাধিকার লঙ্ঘন বিষয়ক প্রতিবেদন উপস্থাপন সভা

আওয়ামী ফ্যাসিবাদ আমলে ঝিনাইদহে মানবাধিকার লঙ্ঘন বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার বিকেলে ঝিনাইদহ শহরের আলহেরা বাইপাস এলাকার একটি মিলনায়তনে এ সভার আয়োজন করে শহর ও জেলা শিবির।

আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিবিরের কেন্দ্রীয় মানবাধিকারা বিষয়ক সম্পাদক সিফাত উল আলম, বিশেষ অতিথি ছিলেন জেলা জামায়াতের আমীর আলী আযম মো. আবু বকর, জেলা শিবির সভাপতি আরিফ হোসেন, সেক্রেটারি ওবাইদুর রহমানসহ গুম ও কারাভোগী নেতাকর্মীরা।

বক্তারা অভিযোগ করেন, আওয়ামী সরকারের সময় মানবাধিকার ব্যাপকভাবে লঙ্ঘিত হয়েছে। তারা বলেন, বিরোধী দলের নেতাকর্মীদের ওপর পুলিশি নির্যাতন, গুম করে মাসের পর মাস অমানবিক আচরণ এবং ক্রসফায়ারের নামে শিবিরের নেতাদের হত্যার ঘটনা বারবার ঘটেছে।

বক্তারা এসব অপরাধের সাথে জড়িত পুলিশ সদস্যসহ সকলকে বিচারের আওতায় আনার দাবী জানান।

অনুষ্ঠানটি পরিচালনা করেন ঝিনাইদহ শহর শাখা ও জেলা শাখার সেক্রেটারি পারভেজ ও ওবাইদুর রহমান। সভায় আওয়ামী ফ্যাসিবাদ আমলে ঝিনাইদহে গুম, খুন এবং মামলা হামলার শিকার নেতাকর্মীদের অবর্ণনীয় কারানির্যাতনের লিখিত পরিসংখ্যান উপস্থাপন করা হয়।

সভায় প্রধান অতিথি বলেন, সব হত্যাকান্ডের পূর্ণাঙ্গ ও নিরপেক্ষ তদন্ত করতে হবে, এ ঘটনায় জড়িত পুলিশ সদস্য ও সংশ্লিষ্ট ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। হত্যাকাণ্ডের শিকার পরিবারগুলোর উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে, ভবিষ্যতে গুম ও বিচার বহির্ভূত হত্যাকাণ্ড বন্ধে কঠোর আইন ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।